

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

প্রশাসন-৩ অধিশাখা

www.msw.gov.bd

নং-৪১.০০.০০০০.০৩৪.০০১.০২.১৭- ৭৭২

১৭ শ্রাবণ ১৪২৪

০১ আগস্ট ২০১৭

নিয়োগ আদেশ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর রাজস্বখাতভুক্ত শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০২৮০-২১৩০০-২২৩৭০-২৩৪৯০/- টাকা বেতনক্রমে ও বিধিতে অন্যান্য ভাতাদি প্রাপ্যতার সুবিধায় নিম্ন শর্তাধীনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক নম্বর	প্রার্থীর নাম ও ঠিকানা	নিজ জেলা	জাতীয় বেতন স্কেল গ্রেড
১.	জনাব মোঃ আব্বাস আলী, পিতা- ফজলুল হক খান, মাতা- রাবেয়া খাতুন, গ্রামঃ আবুড়া, ইউনিয়ন/ওয়ার্ড চিকন্দী ১নং, ডাকঘরঃ চিকন্দী- ৮০০০, উপজেলাঃ শরীয়তপুর সদর, জেলাঃ শরীয়তপুর।	শরীয়তপুর	১৬তম
২.	জনাব আতিকুল ইসলাম, পিতা-আবুল মনসুর, মাতা- দিলরুবা আক্তার, ৭/৩/১, গ্রামঃ বলাশপুর রোড, ইউনিয়ন/ওয়ার্ড ১৯ নং, ডাকঘরঃ কেওয়াটখালী- ২২০১, উপজেলাঃ ময়মনসিংহ সদর, জেলাঃ ময়মনসিংহ।	ময়মনসিংহ	

শর্তসমূহ :

- এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী দুই বছর তার চাকুরীকাল শিক্ষানবিশ হিসেবে গণ্য হবে। তবে, কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে তার এ শিক্ষানবিশ মেয়াদকাল আরো দুই বছর পর্যন্ত বাড়াতে পারবে।
- এ শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরী হতে অপসারণ করা যাবে।
- এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ ক্ষেত্রে নিয়োগ/চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান দ্বারা তার নিয়োগ/চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- চাকুরীতে যোগদানের সময় তাকে সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র দাখিল করতে হবে।
- আগামী ১০/০৮/২০১৭ তারিখের মধ্যে যোগদান করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরীতে যোগদানের পূর্বে তাঁর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ পত্র প্রদর্শন করতে হবে।
- পুলিশ ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে, কোন কারণ দর্শানো ব্যতীত চাকুরীচ্যুত করা হবে।
- চাকুরী হতে পদত্যাগ করতে চাইলে তাকে ০১(এক) মাস পূর্বে নোটিশ প্রদান করতে হবে অথবা ০১ (এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ সরকারী কোষাগারে জমা দিতে হবে।

মোঃ আবু মাসুদ  
উপসচিব

ফোনঃ ৯৫৪০৫৫০

Email:dsadmin1@msw.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলানগর, ঢাকা।
- ০৪। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা)- সমাজকল্যাণ মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বর্ণিত ব্যক্তিদের সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ।
- ০৫। যুগ্মসচিব(বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৬। সিভিল সার্জন, সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সৈগুন বাগিচা, ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। জনাব .....
- ১৩। ব্যক্তিগত নথি।